# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**10-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র 'প্যাক্স সিলিকা' উদ্যোগে, কৃত্তিম মেধা ও বিরল খনিজ সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানোর বিষয়ে সহমত হয়েছে।

২) বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, ভারত মরিশাসকে তেল এবং গ্যাস সরবরাহ করার বিষয়ে একটি চুক্তি চূড়ান্ত করছে।

৩) ২০২৭ এর জন গণনার প্রথম পর্যায়ে সারা দেশে এখনও পর্যন্ত ৫ লক্ষ ৭২ হাজার পরিবার সেলফ এনুমারেশন বা নিজ উদ্যোগে গণনা সংক্রান্ত প্রশ্নের উত্তর দিয়েছে।

৪) পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে।

৪) বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় দলীয় কর্মসূচিতে যোগ দিয়েছেন। অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও প্রচারাভিযান জোরদার করা হয়েছে।

৫) আই পি এল ক্রিকেটে আজ গুয়াহাটিতে রাজস্থান রয়্যালস খেলবে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে।

ooooooooooooooooooooooooo

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র 'প্যাক্স সিলিকা' উদ্যোগের আওতায়, কৃত্তিম মেধা ও বিরল খনিজ সহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহযোগিতা আরও বাড়ানোর বিষয়ে সহমত হয়েছে।

ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মার্কিন অবর সচিব জ্যাকব এস হেলবার্গের মধ্যে বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়।

এ বছরের ফেব্রুয়ারি মাসে AI Impact Summit এর সময় ভারত প্যাক্স সিলিকা উদ্যোগে যোগ দেয়। এর ফলে নতুন দিল্লী ও ওয়াসিংটনের মধ্যে প্রযুক্তিগত সহযোগিতার এক নতুন অধ্যায়ের সূচনা হয়।

oooooooooooooooooooooooooo

বিদেশ সচিব বিক্রম মিশ্রি মার্কিন নিরাপত্তা সংস্থা- FBI-এর অধিকর্তা কাশ প্যাটেলের সঙ্গে গতকাল, সন্ত্রাসবাদ মোকাবিলা, সংঘটিত অপরাধ এবং মাদক চালান প্রতিরোধে, দু'দেশের মধ্যে সহযোগিতা বিষয়ে আলোচনা করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের ভারতীয় দূতাবাস সূত্রে এক সোশ্যাল মিডিয়া পোস্টে এই খবর জানানো হয়েছে।

তিনদিনের মার্কিন যুক্তরাষ্ট্র সফরে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রি বর্তমানে সেদেশে রয়েছেন। তিনি মার্কিন প্রশাসনের শীর্ষ স্থানীয় আধিকারিকদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মোট বিনিময় করেছেন।

oooooooooooooooooooooooooo

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, ভারত মরিশাসকে তেল এবং গ্যাস সরবরাহ করার বিষয়ে একটি চুক্তি চূড়ান্ত করছে। পশ্চিম এশিয়া সঙ্কটের প্রেক্ষিতে সেদেশের শক্তি নিরাপত্তা জোরদার করার লক্ষ্যেই এই চুক্তি হবে বলে আজ মরিশাসের রাজধানী পোর্ট লুইসে তিনি জানিয়েছেন। বিদেশমন্ত্রী বলেন, পশ্চিম এশিয়া সঙ্কটের ফলে শক্তি ক্ষেত্রে কৌশলগত অংশীদারীত্বের গুরুত্ব বেড়েছে। তিনি আরো জানান, ভারতের একটি রাষ্ট্রায়াত্ত্ব সংস্থা সেদেশের প্রথম ভাসমান সৌরশক্তি প্রকল্প নির্মাণের কাজ করছে। পরিছন্ন ও পরিবেশবান্ধব শক্তি ক্ষেত্রে দু দেশের মধ্যে একটি গতিশীল

অংশীদারীত্বের ওপর তিনি জোর দেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গত বছর মার্চ মাসে মরিশাস সফরের উল্লেখ করে ডঃ জয়শঙ্কর বলেন, দ্বিপাক্ষিক সম্পর্ককে কৌশলগত পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে উভয় দেশ সহমত হয়েছে। বিদেশমন্ত্রী, নবম ভারত মহাসাগরীয় সম্মেলনে অংশ নিতে বর্তমানে মরিশাস সফর করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চীন এবং উত্তর কোরিয়ার বিদেশ মন্ত্রীরা দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযগিতা গভীরতর করার বিষয়ে সহমত হয়েছেন। চীনের বিদেশ মন্ত্রী ওয়াং-ই, সাত বছরের মধ্যে এই প্রথম গতকাল থেকে উত্তর কোরিয়া সফর শুরু করেছেন। তাঁর এই সফরকালে চীনা বিদেশ মন্ত্রী, উত্তর কোরিয়ার বিদেশ মন্ত্রী কো-শন-হুই-এর সঙ্গে সাক্ষাৎ করেন। চীনের সরকারি সংবাদ সংস্থা জিন-হুয়া জানিয়েছে, দুই বিদেশ মন্ত্রীর বৈঠকে সাম্প্রতিক আন্তর্জাতিক এবং আঞ্চলিক ইস্যুগুলি নিয়ে আলোচনা হয়েছে। এছাড়াও, বিদেশ নীতি বিষয়ে কৌশলগত যোগাযোগ আরো বাড়ানোর বিষয়েও দুই নেতা সহমত হয়েছেন। আগামী মাসে মার্কিন রাষ্ট্রপতি ডনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত বেজিং সফরের আগে উত্তর কোরিয়ার বিদেশ মন্ত্রীর এই সফর বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বার্ষিক অমরনাথ যাত্রার জন্য আগাম নথিভুক্তি বা অ্যাডভান্স রেজিস্ট্রেশন আগামী **১৫** এপ্রিল শুরু হতে চলেছে। সারা দেশের ৫৪০টিরও বেশি ব্যাংক শাখার মাধ্যমে এই প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। শ্রী অমরনাথ মন্দির পর্ষদ জানিয়েছে, প্রতিটি রুটের দৈনিক কোটা অনুযায়ী ‘আগে এলে আগে পাবেন’ ভিত্তিতে এই নথিভুক্তি করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৭ এর জনগণনার প্রথম পর্যায়ে সারা দেশে এখনও পর্যন্ত ৫ লক্ষ ৭২ হাজার পরিবার সেলফ এনুমারেশন বা নিজ উদ্যোগে গণনা সংক্রান্ত প্রশ্নের উত্তর দিয়েছে।

ভারতের রেজিস্ট্রার জেনারেলের দপ্তর সূত্রে জানানো হয়েছে, এর মাধ্যমে জনগণনায় অংশগ্রহনের যে ডিজিটাল উদ্যোগ নেওয়া হয়েছে তাতে আরো বেশী করে মানুষের অংশগ্রহনের প্রবণতা লক্ষ্য করা গেছে।

উল্লেখ্য, পয়লা এপ্রিল থেকে জনগণনার প্রথম পর্যায় শুরু হয়েছে। আগামী ১৫ তারিখ পররযন্ত সেলফ এন্যুমারেশনের কাজ চলবে। বর্তমানে গোয়া, কর্ণাটক, মিজোরাম, ওড়িশা, সিকিম, আন্দামান নিকোবর, লাক্ষাদ্বীপ, জাতীয় রাজধানী অঞ্চলের দিল্লী ক্যান্টনমেন্ট সহ মোট ১১ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের সেলফ এন্যুমারেশনের কাজ চলছে।

১৬ই এপ্রিল থেকে ১৫ই মে পর্যন্ত বাড়ির তালিকা প্রস্তুত এবং আবাসন সংক্রান্ত গণনার কাজ চলবে। হাউজ লিউস্টিং এর কাজে দেশের সবকটি রাজ্যের সমস্ত বাড়ি, ভবন এবং কাঠামোর তালিকা তৈরী করা হবে। এ ছাড়াও খতিয়ে দেখা হবে সংশ্লিষ্ট বাড়িগুলিতে কি ধরণের সুযোগ সুবিধা ও সম্পদ রয়েছে তার বিবরনও।

জনগোননার দ্বিতীয় পর্যায়ে আগামী বছরের ফেব্রুয়ারী মাসে প্রকৃত জনগণনার কাজ চালানো হবে। এই পর্যায়ে ব্যক্তিভিত্তিক তথ্য, বয়স, লিঙ্গ, পেশা, সাক্ষরতা এবং জাতিগত তথ্যও সংগ্রহ করা হবে।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে। এই দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষদিন ছিল গতকালই। মোট ২ হাজার ২২৪-টি মনোনয়ন জমা পড়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩-ই এপ্রিল। দ্বিতীয় দফায় ২৯-শে এপ্রিল ভোট নেওয়া হবে।

এদিকে, প্রথম দফার নির্বাচনের প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হয়েছে। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, মোট ১৮৮ জন প্রার্থী তাঁদের মনোনয়ন প্রত্যাহার করেছেন। এই দফায় আগামী ২৩-শে এপ্রিল ভোটগ্রহণ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

"ভোটের পর্ব পশ্চিমবঙ্গের গর্ব " এই শ্লোগানকে সামনে রেখে ভয়মুক্ত, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোটের আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন। বুথ জ্যাম, ছাপ্পা ভোট, ভোটারদের প্রভাবিত না করার মতো ছয়টি বিশেষ নির্দেশিকা কমিশনের তরফে জারি করা হয়েছে। রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের আগে আজ আকাশবাণী সংবাদ বিভাগ তাদের সাংবাদিক ও প্রতিনিধিদের জন্য এক বিশেষ কর্মশালায় আয়োজন করেছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী সেখানে বলেন, মানুষ সঠিক সংবাদ ও নির্ভরযোগ্য তথ্যের জন্য আকাশবাণী এবং দূরদর্শনের উপরে ভরসা করে থাকেন। সব ধরনের প্রচার মাধ্যমের প্রতিই কমিশনের দেওয়া নির্দেশিকা মেনে চলার আহ্বান জানান তিনি ।

(বাইট- অরিন্দম নিয়োগী)

উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায় সাংবাদিকদের নির্বাচনী খবর সংগ্রহ ও পরিবেশন সংক্রান্ত বিভিন্ন নিয়মাবলী বুঝিয়ে বলেন। কর্মশালায় রাজ্য বিদানসভা নির্বাচনের বিশেষ পর্যবেক্ষন ডঃ সুব্রত গুপ্ত, আকাশবাণীর হেড অব অফিস সুচিস্মিতা রায়, পি আই বি এবং সিবিসির পূর্বাঞ্চলীয় মহানির্দেশক টি ভি কে রেড্ডি, পি আই বি সিবিসি-র অতিরিক্ত মহা নির্দেশক জেন নামচু, আকাশবাণী সংবাদ বিভাগের প্রধান ডা. সুশ্রুত শর্মা সহ অন্য কর্মী আধিকারিকরা উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বরিষ্ঠ বিজেপি নেতা,কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ দলীয়কর্মসূচীতে যোগ দিতে আজ কিছুক্ষণ আগে কলকাতায় এসে পৌঁছেছেন। তিনি কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে বিজেপির সংকল্পপত্র বা নির্বাচনী ইস্তেহার প্রকাশ করবেন।

আজই তিনি পশ্চিম মেদিনীপুরের ডেবরা ও খড়্গপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা ও রোডশো করবেন বলে দলীয় সূত্রে জানা গেছে। এরপর সন্ধ্যায় খড়্গপুরে তিনি একটি সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন।

উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের সি পি আই এম প্রার্থী মিনাক্ষী মুখোপাধ্যায় এলাকায় জনসংযোগ অভিযানে অংশ নিচ্ছেন।

এছাড়াও সিপিআইএম-এর দীপষিতা ধর, আফ্রিন বেগম এবং বিকাশ রঞ্জন ভট্টাচার্যও নিজনিজ কেন্দ্রে প্রচারে অংশ নিচ্ছেন। কংগ্রেস প্রার্থীরাও তাদের নিজ কেন্দ্রগুলিতে জোরকদমে প্রচার চালাচ্ছেন।

তৃণমূল কংগ্রেস ও আই এস এ-ও তাদের প্রার্থীদের সমর্থনে প্রচার চালাচ্ছে।

oooooooooooooooooooooo

রাজ্যসভার প্রাক্তন ডেপুটি চেয়ারম্যান হরিবংশকে রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু সংসদের উচ্চ কক্ষের সদস্য হিসাবে মনোনীত করেছেন। গতকাল তাঁর রাজ্যসভার সদস্যপদের মেয়াদ শেষ হয়েছে। ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি রঞ্জন গোগোইয়ের অবসরের পর শুন্য পদে হরিবংশকে মনোনীত করা হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এই মর্মে বিজ্ঞপ্তি জারি করেছে।

oooooooooooooooooooooooo

সাড়ে দেশে আজ ভারতের স্বাধীনতা সংগ্রামের অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায় চম্পারন সত্যাগ্রহের ১ শো ৮ তম বার্ষিকী উদযাপন করা হচ্ছে। ১৯১৭ সালে আজকের দিনেই মহাত্মা গান্ধী বিহারের চম্পারন থেকে নিল চাষিদের ওপর অত্যাচারের প্রতিবাদে এই সত্যাগ্রহের ডাক দেন।

oooooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ নতুন দিল্লিতে সিন্ধি ভাষায় ভারতের সংবিধান প্রকাশ করেছেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শ্রী রাধাকৃষ্ণন বলেন, স্বাধিনতার পর এই প্রথম ভারতের অন্যতম প্রাচীন ভাষা সিন্ধিতে সংবিধান প্রকাশ করা হল। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের বিভিন্ন ভাষায় এই পবিত্র নথি প্রকাশের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছেন।

(BYTE - C. P. Radhakrishnan)

অনুষ্ঠানে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooo

আই পি এল ক্রিকেটে আজ গুয়াহাটিতে রাজস্থান রয়্যালস্ , রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধে সাড়ে সাতটায়।

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo